গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.১০০.০৬.০১৩.১৬-১৩৬ তারিখঃ ৩০/১১/২০১৬খ্রিঃ

বিষয়: ২৮/১১/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্য বিবরণী।

সভাপতি : জনাব চিত্ত রঞ্জন বেপারী, পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
তারিখ : ৩০ নভেম্বর, ২০১৬ খ্রিষ্টাব্দ
রোজ : সোমবার
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান : কক্ষ নং- ৩০১, খাদ্য অধিদপ্তর, ঢাকা

২। সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম তুলে ধরার জন্য সিস্টেম এনালিস্টকে আহবান জানান। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিষ্ট সভার আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। অতঃপর সভাপতি আলোচ্য বিষয়ের উপর সকল সদস্যকে মতামত দেয়ার জন্য আহবান জানান। সভায় বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে তুলে ধরা হলোঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | উদ্ভাবনী কোডে বাজেট বরাদ্দ; | উদ্ভাবনী কাজের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি/টিমকে উৎসাহ প্রদানের জন্য পদক/প্রণোদনা/সম্মামনা/আর্থিক সহায়তা ইত্যাদি প্রদানের জন্য উদ্ভাবনী কোডে বাজেট বরাদ্দের বিষয়ে সভায় আলোচনা হয়। | উদ্ভাবনী কাজে গতিশীলতা আনয়নের জন্য উদ্ভাবনী কোড-৪৮২৯-এ বাজেট বরাদ্দের জন্য হিসাব ও অর্থ বিভাগকে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| ২। | মেন্টরদের তালিকা প্রণয়ন ও এটুআই-এ প্রেরণ; | উদ্ভাবনী মানসিকতা সম্পন্ন কর্মঠ, কর্মকর্তাদের মেন্টরিংয়ের কাজে যুক্ত করার জন্য সভায় আলোচনা করা হয়। | মেন্টরদের তালিকা প্রণয়ন করে এটুআই-এ প্রোগ্রাম বিভাগে প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম |
| ৩। | ২০-২১ নভেম্বর ২০১৬ তারিখে উদ্ভাবনী কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন; | ২০-২১ নভেম্বর ২০১৬ তারিখে প্রশিক্ষণ বিভাগের মাধ্যমে উদ্ভাবনী কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন হয়েছে। তাই আলোচ্যসূচী থেকে বাদ দেয়া যেতে পারে। | ২০-২১ নভেম্বর ২০১৬ তারিখে প্রশিক্ষণ বিভাগের মাধ্যমে উদ্ভাবনী কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন হওয়ায় কার্যতালিকা থেকে বাদ দেয়া হলো। | ইনোভেশন টিম |
| ৪। | আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ে ফেসবুক পেজ খোলা; | আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ে ফেসবুক পেজ খোলার বিষয়ে মাঠ পর্যায়ে পত্র দেয়া হয়। তবে সকল জেলা ও উপজেলা পর্যায়ে ফেসবুক পেজ খোলা হয়নি। এ বিষয়ে মাঠ পর্যায়ে আরেকটি পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ে ফেসবুক পেজ খোলার জন্য মাঠ পর্যায়ে পুনরায় পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| ৫। | পাবলিক সার্ভিস ইনোভেশন গ্রুপে যোগদান ও নিয়মিত আলোচনায় অংশগ্রহণ; | পাবলিক সার্ভিস ইনোভেশন গ্রুপে যোগদান ও নিয়মিত আলোচনায় অংশগ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। সকল কর্মকর্তা নিজ ফেসবুক পেজ/ ফেসবুকে একাউন্ট খুলবে এবং পাবলিক সার্ভিস ইনোভেশন গ্রুপে যোগদান ও নিয়মিত আলোচনায় অংশগ্রহণ করবে। | সকল কর্মকর্তা নিজ ফেসবুক পেজ/ ফেসবুকে একাউন্ট খুলে পাবলিক সার্ভিস ইনোভেশন গ্রুপে যোগদান ও নিয়মিত আলোচনায় অংশগ্রহণ করার বিষয়ে মাঠ পর্যায়ে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| ৬। | ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার আপলোড করা; | ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণারে খাদ্য অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত বিষয় (যেমন: ইনোভেশন সভার মিনিটস, কর্মপরিকল্পনা, অগ্রগতি, মাঠ পর্যায়ের ইনোভেশন সংক্রান্ত তথ্য ইত্যাদি) নিয়মিত আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণারে খাদ্য অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোড করতে হবে। | সিস্টেম এনালিষ্ট |
| ৭। | ইনোভেশন কার্যক্রমের উপর ৫দিন ব্যাপী প্রশিক্ষণ আয়োজন; এবং | ইতোমধ্যে ৫দিনের পরিবর্তে ২ দিনের কর্মশালা আয়োজন সম্পন্ন হয়েছে, তা আলোচ্যসূচী থেকে বাদ দেয়া যেতে পারে। | ২ দিন ব্যাপী কর্মশালার আয়োজন সম্পন্ন হওয়ার আলোচ্যসূচী থেকে বাদ দেয়া হলো। | ইনোভেশন টিম |
| ৮। | বিবিধ। | (ক)'জয়িতা'-কার্যক্রম বিষয়ে ইতোমধ্যে সবাবি বিভাগকে পত্র দেয়া হয়েছে। 'জয়িতা'-কার্যক্রম উৎসাহ প্রদানের জন্য মহিলাদের খাদশস্য ডিলার নিয়োগে কোটা বরাদ্দ রাখার বিষয়টি বিবেচনায় নিতে সববি বিভাগকে বলা হয়। সববি বিভাগ ইতোমধ্যে জয়িতাদের সহায়তা প্রদানে ডিলার নিয়োগের ব্যবস্থা গ্রহণকল্পে খাদ্যবান্ধব এবং ওএমএস নীতিমালায় পরিবর্তন আনার বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য সববি বিভাগ খাদ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেছেন। | (ক) জয়িতাদের সহায়তা প্রদানে ডিলার নিয়োগের ব্যবস্থা গ্রহণকল্পে খাদ্যবান্ধব এবং ওএমএস নীতিমালায় পরিবর্তন আনার বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রেরণের জন্য সববি বিভাগকে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (খ) বেসরকারী ব্যক্তিদের চাহিদানুযায়ী খাদ্যদ্রব্যের মান পরীক্ষার উপরে একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য পরিচালক পউকা বিভাগকে পত্র দেয়া হয়। এখন পর্যন্ত পউকা বিভাগ কোন উদ্যোগ গ্রহণ করেছেন কিনা সে বিষয়টি জানা যায়নি। এ বিষয়ে অগ্রগতি জানানোর জন্য পউকা বিভাগকে পত্র দেয়া যেতে পারে। | (খ)বেসরকারী ব্যক্তিদের চাহিদানুযায়ী খাদ্যদ্রব্যের মান পরীক্ষার উপরে একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের অগ্রগতি জানানোর জন্য পউকা বিভাগকে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| | | (গ) ইনোভেশন কাজের সাথে সম্পৃক্ত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রণোদনা দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | (গ) জনাব মোঃ সালাউদ্দিন আহমেদ, জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়নগঞ্জ, জনাব কাজী সাইফুদ্দিন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী, জনাব মোঃ মনিরুল হক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী সদর, পটুয়াখালীকে মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরের প্রশংসাপত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| | | (ঘ) অডিট কার্যক্রমের নথি আর্কাইভিং এর বিষয়ে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগকে ইতোমধ্যে পত্র দেয়া হয়েছে। এ অগ্রগতি বিষয়ে আলোচনায় অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ জানিয়েছেন যে, ইতোমধ্যে এ সম্পর্কিত কার্যক্রম শুরু করা হয়েছে। | (ঘ) অডিট সংক্রান্ত নথি আর্কাইভিং এর অগ্রগতি অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | অভ্যন্তরীণ নিরীক্ষা |
| | | (ঙ) ইনোভেশন টিমের সকল সদস্য একটি করে ইনোভেটিভ আইডিয়া নিয়ে কাজ করার বিষয়ে সিদ্ধান্ত হলেও কোন সদস্য এখনও কোন ইনোভেটিভ আইডিয়া সভায় উপস্থাপন করেননি। সকল সদস্য একটি করে ইনোভেটিভ আইডিয়া তৈরী করে সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়। | (ঙ) ইনোভেশন টিমের সকল সদস্য একটি করে ইনোভেটিভ আইডিয়া উপস্থাপন করে কার্যক্রম গ্রহণ করবেন। | ইনোভেশন টিমের সদস্য |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১১/১৬

(চিত্ত রঞ্জন বেপারী)
পরিচালক
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৫০২৭৬
dmss@dgfood.gov.bd

বিতরণঃ সদয় অবগতি ও কার্যার্থে-

১। জনাব চিত্ত রঞ্জন বেপারী, পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ ও ইনোভেশন অফিসার।
২। জনাব মোঃ রায়হানুল কবীর, অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ ও সদস্য।
৩। জনাব মোঃ সেলিমুল আজম, উপ-পরিচালক, বানিজ্যিক হিসাব নিরীক্ষা শাখা।
৪। জনাব মোঃ আমিনুল এহ্সান, উপ-পরিচালক (সংস্থাপন), প্রশাসন বিভাগ ও সদস্য।
৫। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট ও সদস্য সচিব।

স্মারক নং- ১৩.০১.০০০০.১০০.১৬.০০৫.১৬- ৯৩৬/৫(৬) তারিখঃ ৩০/১১/২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, তেজগাঁও, ঢাকা।
৩। যুগ্ম সচিব (প্রশাসন-১), খাদ্য মন্ত্রণালয় ও প্রধান ইনোভেশন অফিসার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। অফিস কপি।
৬। মাস্টার কপি।

৩০/১১/১৬

সিস্টেম এনালিস্ট
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট